আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ৫৬৮ প্রকাশকালঃ০৯-০৭-২০২৫ ইং

ওয়াকফকৃত মক্তবে ইতেকাফের বিধান

প্রশ্ন:

আমি একটি মক্তবে ইতেকাফে বসেছি। প্রায় ২০ বছর ধরে এখানে পাঁচ ওয়াক্ত নামায হচ্ছে। জায়গাটি ওয়াকফকৃত হলেও এখনো মসজিদ হিসেবে ঘোষিত হয়নি। তবে ভবিষ্যতে পরিকল্পনা আছে। এ মহল্লায় এ ছাড়া কোনো মসজিদ নেই। পাশের মহল্লায় আছে তবে সেখানে খাবার আনা নেওয়া কষ্টকর। তাছাড়া সেখানে তেমন স্বস্তিও পাই না। এ অবস্থায় মক্তবে ইতেকাফ করা কী সহীহ হবে? বিস্তারিত জানতে চাই।

-শাহ মুহাম্মদ সুমন

উত্তর:

بسم الله الرحمن الرحيم

الحمد لله وسلام على عباده الذين اصطفى، أما بعد

পুরুষের ইতেকাফের জন্য মসজিদ হওয়া জরুরি। পাঞ্জেগানা কিংবা জুমআর মসজিদ ছাড়া অন্য কোথাও পুরুষের ইতেকাফ সহীহ নয়। সুতরাং ভবিষ্যতে ইতেকাফ করতে হলে অবশ্যই কোনো মসজিদে

করবেন। -বাদায়েউস সানায়ে: ৩/১৬ (দারুল হাদীস); রদ্দুল মুহতার: ২/৪৪০

অবশ্য ইতিপূর্বে আপনি মাসআলা না জানার কারণে মক্তবে যে ইতেকাফ করেছেন, তা ইতেকাফ হিসেবে গণ্য না হলেও যেহেতু পূর্ণ সময় দুনিয়ার ব্যস্ততা বাদ দিয়ে ইবাদতের জন্য নিজেকে ফারেগ করে নিয়েছেন এবং সময়গুলো ইবাদতে কাটানোর চেষ্টা করেছেন, এজন্য আল্লাহ আপনাকে বিশেষ প্রতিদান দিবেন ইনশাআল্লাহ।

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৬-০১-১৪৪৭ হি.

০২-০৭-২০২৫ ঈ.